Edn-Plan/Adm

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 04 DEC 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম ... ৫

09

# সরকারী প্রতিষ্ঠানে রাজনৈতিক সভা না করার আহবান

(স্টাফ রিপোর্টার)

সরকারী প্রতিষ্ঠান রাজনৈতিক সভা সমাবেশের জন্যে ব্যবহার না করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানানো হয়।

এই মর্মে গত ১লা ডিসেম্বর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতরের মহাপরিচালক সরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানদের নিকট সার্কুলার পাঠিয়েছেন।

সার্কুলারে এখন থেকে সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের প্রাঙ্গণ কোন সময়ে যেন রাজনৈতিক সভা সমাবেশের কাজে ব্যবহৃত হতে না পারে তা নিশ্চিত করার জন্যে প্রতিষ্ঠানসমূহের প্রধানদের অনুরোধ জানানো হয়, খবর

(শেষ পৃঃ ৬-ষ্ঠ কঃ দ্রঃ)

## সরকারী প্রতিষ্ঠানে

(প্রথম পৃঃ পর)

বিশ্বস্তসূত্রের।

**প্রতিবাদ**

বিভিন্ন ছাত্রজোট ও সংগঠন সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রদের সভা-সমাবেশ না করা সংক্রান্ত সার্কুলারের প্রতিবাদ জানিয়েছে।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ ও ছাত্রলীগ (সু-র) পৃথক বিবৃতিতে বলেছে, ছাত্রসমাজ ঐক্যবদ্ধভাবে গণতান্ত্রিক অধিকার খর্ব করার চেষ্টা প্রতিহত করবে। ছাত্রদের সভা-সমাবেশের ওপর কোন ধরনের হস্তক্ষেপের ফলে উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব কর্তৃপক্ষকেই বহন করতে হবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।